# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**27 JUNE 2025** **7:45—7:55 PM IST**

==================================================

১। গুয়াহাটীর সোণাপুরে আজ থেকে দ্বিতীয় উত্তরপূর্ব ভূতত্ব এবং খনি মন্ত্রীদের দুদিন ব্যাপী সম্মেলন আরম্ভ ।

২। প্রাপ্তবয়স্ক লোকেদের আধারকার্ড প্রদান করার ক্ষেত্রে নিয়মাবলী অধিক কঠোর করে তোলার জন্য রাজ্য সরকারের সিদ্ধান্ত ।

৩। রাজ্য স্তরের নিযুক্তি কমিশনে তৃতীয় শ্রেণীর গাড়ি চালানোর দক্ষতা পরীক্ষায় অবতীর্ণ হতে না পারা বরাক উপত্যকার এবং ডিমা হাসাও জেলার প্রার্থীদের জন্য রাজ্য সরকারের একটি নতুন তারিখে পরীক্ষায় অবতীর্ণ হওয়ার সুযোগ প্রদান ।

এবং

৪। রাজ্যের অন্যান্য অংশের বরাক উপত্যাকার তিন জেলায়ও আজ জগন্নাথ দেবের রথযাত্রা উৎসব উদযাপন ।

--------------------------------------------------------------------------------

গুয়াহাটীর সোণাপুরে আজ থেকে দ্বিতীয় উত্তরপূর্ব ভূতত্ব ও খনি মন্ত্রীদের দুদিন ব্যাপী সম্মেলন শুরু হয়েছে । সম্মেলনে মুখ্য অতিথি হিসেবে অংশগ্রহণ করে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা বলেন যে খনি ও খনিজাত পদার্থ সঠিকভাবে অনুসন্ধান করার মাধ্যমে আসামের অর্থনীতি শক্তিশালী করার ক্ষেত্রে রাজ্য সরকার পদক্ষেপ গ্রহণ করেছে । এই ক্ষেত্রে কাজকর্ম ত্বরান্বিত করার জন্য আসাম রাজ্য খনিজ অনুসন্ধান ট্রাষ্ট গঠন করার অনুমোদন জানানো হয়েছে বলে তিনি জানান।ডঃ শর্মা বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নীতিগত হস্তক্ষেপের জন্য উত্তরপূর্বাঞ্চলে দীর্ঘদিন ধরে বন্ধ থাকা কয়লা খনিগুলো চালু করা হয়েছে । তিনি বলেন ----

বাইট

মুখ্যমন্ত্রী বলেন যে ডিমা হাসাও জেলার বড়ো হাংডুং এবং উমরাংশুর সাতটি চূনাপাথর ব্লকের নিলামের কাজ শুরু হয়েছে এবং ইতিমধ্যে ৫ টি চূনাপাথর ব্লকের নিলাম সফলভাবে সম্পন্ন হয়েছে ।

------------------------------------------------------------------------------------

রাজ্য সরকার প্রাপ্তবয়স্ক লোকেদের আধারকার্ড প্রদানের ক্ষেত্রে থাকা নিয়মাবলী অধিক কঠোর করে তোলার সিদ্ধান্ত নিয়েছে । এ অনুসারে ১৮ বছরের উর্দ্ধে আধারের জন্য আবেদন করা লোকেদের তথ্যগুলি খুব সূক্ষ্মভাবে নিরীক্ষণ করা হবে এবং জেলা আয়ুক্ত তাঁদের আধার কার্ড প্রদান করবেন । দিসপুরের লোকসেবা ভবনে আয়োজিত আসাম মন্ত্রীসভার বৈঠকে পৌরহিত্য করে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আজ একথা জানান । তিনি বলেন যে বাংলাদেশ থেকে অবৈধভাবে আসামে আসা লোকেরা যাতে আধারকার্ড লাভ না করতে পারে তার জন্য এই ব্যাবস্থা গ্রহণ করা হয়েছে । আধারকার্ডের জন্য আবেদন করতে অথবা ভোটার তালিকায় নাম অর্ন্তভুক্ত করার ক্ষেত্রে পরবর্তী সময়ে জন্মের প্রমাণপত্রের প্রয়োজন হবে বলে মূখ্যমন্ত্রী উল্লেখ করেন ।

------------------------------------------------------------------------------------

আসাম সরকারের প্রাথমিক শিক্ষা সঞ্চালকালয় ৫ হাজার ৫৫০ টি নিয়মিত শিক্ষক পদের নিযুক্তি প্রক্রিয়া শীঘ্র সম্পন্ন করবে বলে জানিয়েছে । এরমধ্যে তিন হাজার ৮০০ টি নিম্ন প্রাথমিকের এবং এক হাজার ৭৫০ টি উচ্চ প্রাথমিকের পদ রয়েছে বলে সঞ্চালকালয় জানিয়েছে । উল্লেখ্য এই পদসমূহ পূরণের জন্য প্রাথমিক শিক্ষা সঞ্চালকালয় ২০২৩ সালের ২৬ ডিসেম্বর বিজ্ঞাপন প্রকাশ করেছিলো । তবে পরবর্তী সময়ে আদালতের স্থগিতাদেশের জন্য এই পদগুলি পূরণের প্রক্রিয়া সম্পূর্ণ হয়নি । বর্তমানে আদালত স্থগিতাদেশ তুলে নেবার পরিপ্রেক্ষিতে আজ থেকে প্রার্থীদের দ্বিতীয় পর্যায়ের নথি পরীক্ষা আরম্ভ হয়েছে । প্রাথমিক শিক্ষা সঞ্চালকালয় আগামী ৩০ জুন পর্যন্ত এই নথি পরীক্ষা প্রক্রিয়ায় উপস্থিত থাকার জন্য প্রার্থীদের তালিকা প্রকাশ করেছে । নথি পরীক্ষা প্রক্রিয়ায় প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্রসমূহ পরীক্ষা করা হবে বলে প্রাথমিক শিক্ষা সঞ্চালক সুরঞ্জনা সেনাপতি জানিয়েছেন । ন্যাশনেল ইনস্টিটিউট অফ ওপেন স্কুলিংয়ের অধীনে ডি ই এল এড ডিগ্রী লাভ করা প্রার্থীরাও সাক্ষাৎকারে অবতীর্ণ হবার সুযোগ লাভ করবে ।

------------------------------------------------------------------------------------

রাজ্য স্তরের নিযুক্তি কমিশনের তৃতীয় শ্রেণীর গাড়ী চালানোর দক্ষতা পরীক্ষায় অবতীর্ণ হতে না পারা বরাক উপত্যকা এবং ডিমা হাসাও জেলার প্রার্থীদের জন্য রাজ্যসরকার একটি নতুন তারিখে তাঁদের পরীক্ষায় অবতীর্ণ হবার সুযোগ প্রদান করে বিশেষ নির্দেশ জারী করেছে । ডিমা হাসাও জেলার অর্ন্তগত ২৭ নম্বর জাতীয় সড়কের জাটিংগা ও লামপুরে মধ্যে প্রবল ভূমিধ্বসের ফলে যোগাযোগ ব্যাহত হওয়ায় প্রার্থীরা এই পরীক্ষায় অবতীর্ণ হতে পারেনি । প্রার্থীদের তাদের প্রবেশ পত্র স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র সহ ই-মেইলের মাধ্যমে প্রেরণ করার আহ্বান জানানো হয়েছে । প্রার্থীরা SLRC3ASSAM@GMAIL.COM এ সংশ্লিষ্ট তথ্য প্রেরণ করতে পারবে ।

----------------------------------------------------------------------------------

রাজ্যের অন্যান্য অংশের সঙ্গে বরাক উপত্যকার তিন জেলায় আজ উৎসাহ ও উদ্দীপনায় জগন্নাথ দেবের রথযাত্রা উৎসব পালন করা হয়েছে ।উপত্যকার গ্রাম শহর সর্বত্র আজ রথযাত্রা উপলক্ষে আনন্দ মুখর পরিবেশ বিরাজ করছে ।প্রতিবছর আষাঢ় মাসের শুক্লা দ্বিতীয়া তিথিতে এই উৎসব পালিত হয় । কথিত আছে এই দিনটিতে জগন্নাথ দেব , ভ্রাতা বলরাম ও ভগিনি সুভদ্রাকে নিয়ে মাসির বাড়ি গুন্ডিচা মন্দিরে যাত্রা করেন ।উপত্যকার তিন জেলার বিভিন্ন মঠ ,মন্দির ,আখড়া ইত্যাদি থেকে আজ জগন্নাথদেব , বলরাম ও সুভদ্রাকে নিয়ে সুসজ্জিত রথ বের হয়ে বিভিন্ন সড়ক পরিক্রমা করে ।এদিকে রথযাত্রা উপলক্ষে রাস্তার ধারে দোকানদাররা মাটির পুতুল , খেলনা ইত্যাদির পসরা সাজিয়ে বসেছেন ।

কাছাড় জেলার বিভিন্ন স্থানে আজ ছোট বড় সুসজ্জিত রথ বিভিন্ন পথ পরিক্রমা করে । শিলচর ইস্কন মন্দির , শ্যামসুন্দর আখড়া , নরসিং আখড়া , রাধামাধব আখড়া , গোপাল আখড়া , মদনমোহন আখড়া , গৌড়িয় মঠ ইত্যাদি থেকে আজ সুসজ্জিত রথ বের করা হয় । আসাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড: রাজীব মোহন পন্থ এবং বিধায়ক দীপায়ন চক্রবর্তী আজ শিলচর ইস্কন মন্দিরে রথযাত্রার সূচনা করেন ।উপাচার্য ডঃ পন্থ রথযাত্রার সূচনা করে বলেন ---- বাইট

ইস্কনের রথযাত্রায় আজ মায়াপুর থেকে সংকীর্ত্তনের দল অংশগ্রহণ করে । ইস্কনের অধ্যক্ষ গৌর নিতাই দাস জানিয়েছেন যে এবার শিক্ষক প্রশিক্ষণ কলেজের পাশে আসাম গ্রেন্ড প্যালেস কমপ্লেক্সের ভেতরে অস্থায়ীভাবে গুন্ডিচা মন্দির অর্থাৎ জগন্নাথ দেবের মাসির বাড়ির ব্যবস্থা করা হয়েছে । আজ থেকে আগামী চৌঠা জুলাই পর্যন্ত প্রতিদিন বিকেল ৪ টে থেকে রাত ৯ টা পর্যন্ত ভক্তিমূলক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে বলে তিনি জানান ।

----------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায়ও আজ বিভিন্ন মঠ মন্দির থেকে সুসজ্জিত রথ বের হয়ে পথ পরিক্রমা করে । শ্রীভূমির ঐতিহ্যবাহী কানাইলাল জিউ মন্দিরে এবারও রথযাত্রা উপলক্ষে ভক্তদের উপচে পড়া ভীড় পরিলক্ষিত হয়েছে ।এছাড়া গাছ কালীবাড়ি , মদনমহোন আখড়া , ইস্কন মন্দির থেকেও রথ বের করা হয় ।

হাইলাকান্দি জেলায় ও রথযাত্রা উপলক্ষে উৎসব মুখর পরিবেশ বিরাজ করছে ।রথের রশিতে টান দিয়ে মনোকামনা পূরণ করার আশায় পথের ধারে অগনিত ভক্তের ভীড় পরিলক্ষিত হয়েছে ।হাইলাকান্দির বাণেশ্বর শিব মন্দির সহ বিভিন্ন মঠ মন্দির আখড়া থেকে সুসজ্জিত রথ আজ বিভিন্ন পথ পরিক্রমা করে । রথযাত্রা নিয়ে স্থানীয় পুরোহিত আমাদের হাইলাকান্দির সংবাদদাতাকে জানান ------

বাইট

--------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে আসাম - মেঘালয় সংযোগকারী মহাসড়ক ও কাছাড়-ডিমা হাসাও সড়ক এলাকার ট্রাক চালক ও সহকারীদের জালালপুর ও বিক্রমপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের চিকিৎসক দলের সহায়তায় জরুরী চিকিৎসা পরিষেবা প্রদান করা হচ্ছে। জেলা আয়ুক্ত মৃদুল যাদবের নেতৃত্বে চলা স্বাস্থ্য শিবিরে আটকে পড়া চালক ও সহাকারীদের স্বাস্থ্য সমস্যাগুলি সমাধানে ইতিমধ্যে ঔষুধ বিতরণ করা হয়।

--------------------------------------------------------------------------------

পাঞ্জাব ন্যাশনেল ব্যাঙ্ক পরিচালিত আর সেটি কাছাড়ের উদ্যোগে বরাক উপত্যকার বেকার যুবক-যুবতীদের নিয়ে ১৪ দিনের আবাসিক এসেন্সিয়াল ক্রিয়েটিভ জুয়েলারী বিষয়ক কর্মশালা গতকাল শেষ হয়েছে । শিলচর আর সেটি কার্য্যলয়ে আয়োজিত সমাপ্তী অনুষ্ঠানে পাঞ্জাব ন্যাশনেল ব্যাঙ্কের শিলচর সার্কেলের প্রধান সৌরভ কুমার , সিনিয়র ফেকাল্টি শাহিদ চৌধুরী প্রমূখ উপস্থিত ছিলেন ।

--------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার আলগাপুর উন্নয়ন খন্ডের অর্ন্তগত বেসরকারী সেচ্ছাসেবী সংগঠন রুরেল ডেভোলাপমেন্ট এন্ড সোশ্যাল সার্ভিস অরগেনাইজেশনের পক্ষ থেকে চন্ডীপুর চা বাগান থেকে ভাটিরকূপা পর্য্যন্ত পূর্ত সড়ক সংস্কারের দাবী জানানো হয়েছে । সংগঠনের পক্ষ থেকে অবিলম্বে বাঁশবাড়ী বাগান তেতুলতল চৌমাথা থেকে ভাটিরকূপা চৌধুরী বাজার পর্য্যন্ত পূর্ত সড়ক সংস্কারেরও দাবী জানানো হয়েছে ।

--------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার কালীগঞ্জ-রতনপুর এলাকায় আজ পরিত্যক্ত বিদুৎতের তারের সংস্পর্শে এক কিশোরের মৃত্যু হয়েছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে মৃত কিশোরের নাম শাহাদাত উদ্দিন । এদিকে কিশোরের মৃত্যুকে কেন্দ্র করে স্থানীয় জনসাধারণ কালীগঞ্জ পূর্ত সড়ক অবরোধ করেন । সীমান্ত উপ- পুলিশ অধীক্ষক এবং কালীগঞ্জ পুলিশ ফাঁড়ির আধিকারীক ঘটনা স্থলে পৌছে পরিস্থিতি নিয়ন্ত্রণ করেন  এবং পরে অবরোধ প্রত্যাহার করা হয় ।

----------------------------------------------------------------------------------------